

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২০২

খোয়াই, ৪ অক্টোবর, ২০২৩

পদ্মবিল ব্লকে উন্নয়নমূলক কর্মসূচি নিয়ে পর্যালোচনা সভা

উন্নয়নমূলক কর্মসূচি রূপায়ণ নিয়ে সম্প্রতি পদ্মবিল ব্লকে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। ব্লকের কনফারেন্স হলে অনুষ্ঠিত এই সভায় সভাপতিত্ব করেন খোয়াই জেলার জেলাশাসক চাঁন্দনী চন্দ্রনা। উপস্থিত ছিলেন পদ্মবিল বিএসি'র চেয়ারম্যান প্রশান্ত দেববর্মা। সভায় আলোচনায় অংশ নিয়ে জেলাশাসক চাঁন্দনী চন্দ্রনা বলেন, ব্লক এলাকার সামগ্রিক উন্নয়নে সরকার নানা প্রকল্প গ্রহণ করেছে। গৃহীত প্রকল্পগুলির বাস্তবায়নে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

সভায় পদ্মবিল ব্লকের বিডিও স্বরূপা রিয়াং জানান, ব্লকে এমজিএন রেগায় ৯৫১৪টি পরিবারের জবকার্ড রয়েছে। ব্লকে এমজিএন রেগায় বিভিন্ন উন্নয়ন কর্মসূচি রূপায়ণে এখন পর্যন্ত ৫ লক্ষ ২ হাজার ৫৪৬ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। স্বচ্ছভারত মিশন-গ্রামীণ প্রকল্পে চলতি অর্থবছরে এখন পর্যন্ত ৮২০টি বাড়িতে শৌচালয় নির্মাণ করা হয়েছে। প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ প্রকল্পে ব্লকে চলতি অর্থবছরে এখন পর্যন্ত ৮৬টি পরিবারের পাকা আবাস নির্মাণ করা হয়েছে। এই প্রকল্পে ব্লকে ১ হাজার ৯৩টি পাকা আবাস নির্মাণের লক্ষ্যমাত্রা রয়েছে। সভায় পদ্মবিল কৃষি মহকুমার কৃষি তত্ত্বাবধায়ক জানান, চলতি অর্থবছরে ব্লকে জাতীয় খাদ্য নিরাপত্তা মিশনে ২৫ হেক্টর জমি মিলেট চাষে ও ৬ হেক্টর জমি ভুট্টা চাষের আওতায় আনা হবে। সভায় সমাজকল্যাণ ও সমাজশিক্ষা কার্যালয়ের আধিকারিক জানান, ব্লকে অঙ্গনওয়াড়ি কেন্দ্র রয়েছে ১৭০টি। এরমধ্যে ১৬৫টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে পাকাবাড়ি রয়েছে। পানীয়জলের সুবিধা রয়েছে ১৩১টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে। শৌচালয় রয়েছে ১৬৩টি কেন্দ্রে। রান্নাঘর রয়েছে ১৩২টি কেন্দ্রে। প্রাণীসম্পদ বিকাশ কার্যালয়ের আধিকারিক জানান, চলতি অর্থবছরে ব্লকে মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনায় ৬৩২টি পরিবারকে মোরগ, ২১২টি পরিবারকে হাঁস, ১০০টি পরিবারকে শূকর ও ৫০টি পরিবারকে ছাগল পালনে সহায়তা দেওয়া হবে।

সভায় বন দপ্তরের আধিকারিক জানান, জাইকা-টু প্রকল্পে ব্লকে ৯০ হেক্টর জমি বাঁশচাষের আওতায় আনা হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ১ লক্ষ ৯২ হাজার টাকা। সভায় মৎস্য দপ্তরের আধিকারিক জানান, চলতি অর্থবছরে ব্লকের ৮০০টি পরিবারকে মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনায় মাছচাষে সহায়তা দেওয়া হবে। পানীয়জল ও স্বাস্থ্য বিধান কার্যালয়ের আধিকারিক জানান, জল জীবন মিশনে ব্লকের ৭,৬৩৪টি বাড়িতে পাইপ লাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। সভায় উপস্থিত ছিলেন পূর্ভ, স্বাস্থ্য, শিক্ষা, গ্রাম উন্নয়ন, মৎস্য, প্রাণী সম্পদ বিকাশ, কৃষি সহ বিভিন্ন কার্যালয়ের আধিকারিকগণ।
